গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
ই-মেইল: nimhr@hospi.dghs.gov.bd

# জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে সাইকোলজি শিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্তি ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লেখযোগ্য সংখ্যক সাইকোলজি শিক্ষার্থী প্রশিক্ষণ/ইন্টার্নশিপ গ্রহণের জন্য আবেদন করে থাকেন। প্রশিক্ষণার্থীর ক্রমবর্ধমান সংখ্যা, পর্যাপ্ত প্রশিক্ষকের সীমাবদ্ধতা এবং প্রশিক্ষণের উপযোগী স্থান ও অবকাঠামোর স্বল্পতার পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিতকরণ, বিদ্যমান জনবল ও অবকাঠামোর সর্বোত্তম ব্যবহার এবং প্রশিক্ষণ কার্যক্রমকে সুশৃঙ্খল ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো।

## ১. কোর্স কারিকুলামে ইন্টার্নশিপ/প্রশিক্ষণের অন্তর্ভুক্তিঃ

মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে ইন্টার্নশিপ/প্রশিক্ষণের অনুমতি প্রদানের পূর্বশর্ত হিসেবে সাইকোলজির শিক্ষার্থীদের স্ব-স্ব কোর্স কারিকুলামে ইন্টার্নশিপ বা সমপর্যায়ের ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রমের সুস্পষ্ট উল্লেখ থাকা আবশ্যক।

## ২. প্রশিক্ষণার্থীর সংখ্যাঃ

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে একই সময়ে সর্বোচ্চ ১০০ (একশত) জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ/ইন্টার্নশিপের সুযোগ প্রদান করা হবে। ইনস্টিটিউটের সক্ষমতা ও প্রশিক্ষণের গুণগত মান বিবেচনায় কর্তৃপক্ষ প্রয়োজনে এ সংখ্যা পুনর্নির্ধারণ করতে পারবে।

## ৩. অগ্রাধিকারঃ

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ক্লিনিক্যাল সাইকোলজি, কাউন্সেলিং সাইকোলজি, এডুকেশনাল সাইকোলজিসহ সাইকোলজির প্রায়োগিক ও ক্লিনিক্যাল শাখার শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

## ৪. শিক্ষাগত যোগ্যতাঃ

প্রশিক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীর সাইকোলজি অথবা ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে ব্যাচেলর অব সায়েন্স বা সমমানের স্নাতক ডিগ্রি থাকতে হবে।

## ৫. প্রশিক্ষণ-পূর্ব ও প্রশিক্ষণ-পরবর্তী মূল্যায়নঃ

অত্র প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত হওয়ার পূর্বে প্রত্যেক শিক্ষার্থীকে অত্র প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত নির্ধারিত মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণ-পূর্ব মূল্যায়ন পরীক্ষা জানুয়ারি, এপ্রিল, জুলাই ও সেপ্টেম্বর মাসে নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

একইভাবে, প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার পর প্রশিক্ষণ সনদ/সার্টিফিকেট প্রাপ্তির পূর্বশর্ত হিসেবে অত্র প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক ।

## ৬. লগবুক সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণঃ

প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণকালীন সময়ে অত্র প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত লগবুক যথাযথভাবে পূরণ ও নিয়মিতভাবে সংরক্ষণ/রক্ষণাবেক্ষণ করতে হবে।

**৭. বিভাগভিত্তিক রোটেশন/প্লেসমেন্টঃ**

প্রশিক্ষণার্থীদের প্রয়োজন ও ইনস্টিটিউটের সক্ষমতা অনুযায়ী বিভিন্ন বিভাগে ন্যূনতম এক মাসের রোটেশন/প্লেসমেন্ট প্রদান করা হবে। একটি বিভাগের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করে সংশ্লিষ্ট বিভাগীয় /ইউনিট প্রধানের ছাড়পত্র/মূল্যায়ন প্রাপ্তির পর পরবর্তী বিভাগে প্রেরণ করা হবে

**৮. প্রশিক্ষণের ন্যূনতম সময়কাল ও উপস্থিতিঃ**

অত্র প্রতিষ্ঠানে কমপক্ষে ৬ (ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের বিবেচনা করা হবে। প্রশিক্ষণকালীন সপ্তাহে ন্যূনতম ৫ (পাঁচ) কর্মদিবস নিয়মিতভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক।

**৯. প্রশিক্ষণ বাতিল/সমাপ্তকরণঃ**

নিম্নোক্ত যেকোনো কারণে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রশিক্ষণ/প্লেসমেন্ট বাতিল করতে পারবে।

(ক) পূর্বানুমতি ব্যতীত ১০ (দশ) কর্মদিবসের বেশি অনুপস্থিত থাকা;

(খ) কর্তৃপক্ষের বৈধ ও যৌক্তিক আদেশ বা নির্দেশনা অমান্য করা;

(গ) প্রতিষ্ঠানের শৃঙ্খলা, পেশাগত আচরণবিধি বা প্রচলিত নিয়ম-কানুনের পরিপন্থী কোনো কর্মকাণ্ডে জড়িত হওয়া;

(ঘ) যথাযথ কারণ বা অনুমোদন ব্যতিরেকে বারবার অনুপস্থিত থাকা, বিলম্বে উপস্থিত হওয়া বা নিয়মিত উপস্থিতি বজায় রাখতে ব্যর্থ হওয়া।

**১০. প্রশিক্ষণের জন্য আবেদনের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্রঃ**

প্রশিক্ষণ/ইন্টার্নশিপের জন্য আবেদন করার সময় আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) সাইকোলজি অথবা ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে অর্জিত B.Sc. বা সমমানের স্নাতক ডিগ্রির সার্টিফিকেটের অনুলিপি;

(খ) আবেদনকারীর ১ (এক) কপি সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি।

প্রয়োজনবোধে কর্তৃপক্ষ প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা ও প্রাসঙ্গিক তথ্য যাচাইয়ের জন্য অতিরিক্ত কাগজপত্র দাখিলের নির্দেশ প্রদান করতে পারবে।

**বিশেষ বিধানঃ**

প্রশিক্ষণের গুণগত মান, রোগীর স্বার্থ এবং ইনস্টিটিউটের জনবল ও অবকাঠামোগত সক্ষমতা বিবেচনায় কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণার্থীর সংখ্যা, রোটেশন/প্লেসমেন্ট ও সংশ্লিষ্ট প্রশাসনিক ব্যবস্থা নির্ধারণ বা পুনর্নির্ধারণের অধিকার সংরক্ষণ করবে।

03/09/'26

(অধ্যাপক ডা. সাইফুন নাহার)
পরিচালক ও অধ্যাপক
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা।